

## মুগ ডাল

**জাত :-** টি -৪৪, পুসা বৈশাখী , কে-৮৫১, সন্মিট , পি. এস -১৬ ।

**বীজ বোনার সময় :-** ফাল্গুন - চৈত্র এবং ভাদ্র -আশ্বিন মাস ।

**বীজের পরিমাণ :-** ৩-৪ কেজি প্রতি কানি ।

**বীজ শোধন :-** হাল্কা বোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

**জীবানু সার প্রয়োগ :-** রাইজোবিয়াম জীবানু সার ২০০ গ্রাম প্রতি কেজি বীজের সাথে ভাল ভাবে মাখাতে হবে। জীবানু সার প্রয়োগের আধ ঘন্টা পর বীজ বোনার জন্য তৈরী হয়ে যাবে ।

**জমি তৈরী :-** তিন থেকেচার বার ভাল ভাবে চাষ এবং মই দিয়ে আগাছা পরিষ্কার করে মোটামুটি বুরঝুরে জমি তৈরি করুন।। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

**কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-**

|                            |            |
|----------------------------|------------|
| গোবর সার বা খামার পঁচা সার | -৮০০ কেজি, |
| ইউরিয়া                    | -৭ কেজি,   |
| সুপার ফসফেট                | -৪০ কেজি,  |

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

**বীজ বপনের দূরত্ব :-** সারি থেকেসারি ২৫ সেমি, এবং বীজ থেকেবীজের দূরত্ব ১০ সেমিঃ বজায় রাখুন।

**অন্তর্বর্তী পরিচর্যা :-** বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১০ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন । বর্ষাতে জমিতে জল হলে, জল নিকাশের ব্যবস্থা করুন ।

**সময় কাল :-** ৬৫ - ৭০ দিনের ফসল ।

**উৎপাদন :-** কানি প্রতি উৎপাদন ১৫০ - ২০০ কেজি ।